



ইনস্টিটিউট অব কমিউনিটি অপথ্যালমোলজি

চট্টগ্রাম চক্ষু হাসপাতাল ও প্রশিক্ষণ কেন্দ্র ক্যাম্পাস, পাহাড়তলী, চট্টগ্রাম।

ভর্তি বিজ্ঞপ্তি (শিক্ষাবর্ষ ২০২০-২০২১)

চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের অধীনে ইনস্টিটিউট অব কমিউনিটি অপথ্যালমোলজি পরিচালিত চার বছর মেয়াদী “Bachelor of Science in Optometry” (B.Optom) কোর্সে ভর্তি ইচ্ছুক শিক্ষার্থীদের কাছ থেকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য নির্ধারিত শর্ত পূরণ সাপেক্ষে আবেদন আহ্বান করা যাচ্ছে।

১) ভর্তির যোগ্যতা:

- বাংলাদেশের যে কোন শিক্ষা বোর্ডের অধীনে বিজ্ঞান বিভাগ থেকে ২০১৭ বা ২০১৮ সালের মাধ্যমিক বা সমমান পরীক্ষা এবং ২০১৯ বা ২০২০ সালের উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
- মাধ্যমিক বা সমমান পরীক্ষায় এবং উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় অবশ্যই পদার্থ বিজ্ঞান ও জীববিজ্ঞান বিষয় থাকতে হবে।
- মাধ্যমিক বা সমমান পরীক্ষায় এবং উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় নূন্যতম জিপিএ মোট ৮.০০ পয়েন্ট থাকতে হবে। তবে এককভাবে কোন পরীক্ষায় জিপিএ ৩.৫০ পয়েন্ট এর কম হলে আবেদনের যোগ্য হবে না।
- যোগ্য প্রার্থীদের আবেদনের পরিপ্রেক্ষিতে ভর্তি কমিটির মাধ্যমে ১ ঘণ্টার ১০০ নম্বরের লিখিত এমসিকিউ (MCQ) পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষায় ৬০ নম্বর প্রাপ্তরা উত্তীর্ণ হিসেবে বিবেচিত হবে। তবে ভুল উত্তরের জন্য কোন নম্বর কর্তন হবে না।
- কমপক্ষে ৬০ নম্বর প্রাপ্ত উত্তীর্ণ ছাত্র/ছাত্রীদের এসএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ সাথে ১৫ দিয়ে গুন এবং এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ সাথে ২৫ দিয়ে গুন করে মোট ৩০০ নম্বর বিবেচনা করে চূড়ান্ত মেধাতালিকায় স্থান পাওয়া প্রার্থীদের ভর্তির জন্য যোগ্য বলে বিবেচিত হবে।
- গরীব ও মেধারী কোটার দাবিদার হলে online আবেদন ফরমে Quota অপশনে ক্লিক করতে হবে।

২) আবেদন ফি জমাদানের মাধ্যম:

- অফেরতযোগ্য আবেদন ফি ১০০০/= (এক হাজার) টাকা “ইনস্টিটিউট অব কমিউনিটি অপথ্যালমোলজি”(Institute of Community Ophthalmology) অনুকূলে একাউন্ট নাম্বার: ৩১০২৪৭৪৩৩৭০০১ সিটি ব্যাংক লিঃ (The City Bank Ltd.) এর যে কোন শাখায় জমা দিয়ে জমাকৃত ব্যাংক ডিপোজিট স্লিপটি সংরক্ষণ করতে হবে যা পরবর্তী অনলাইন আবেদন ফরমে স্ক্যান করে আপলোড করতে হবে। (ব্যাংক ডিপোজিট স্লিপে প্রার্থীর নাম ও মোবাইল নাম্বার স্পষ্টভাবে লিখতে হবে।)
- ভর্তি পরীক্ষার আবেদন ফি ১৩/০৪/২০২১ ইং তারিখ থেকে ১০/০৬/২০২১ ইং (ব্যাকিং কার্যক্রম চলা সাপেক্ষে) পর্যন্ত জমা প্রদান করা যাবে।

৩) অনলাইনে আবেদন করার মাধ্যম:

- ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনলাইনে ১৩/০৪/২০২১ ইং (সকাল ৯:১০.০০ টা) থেকে ১০/০৬/২০২১ইং (রাত: ১১.৫৯ টা) পর্যন্ত আবেদন করা যাবে।
- আবেদন করার জন্য প্রার্থীদের নিজস্ব ই-মেইল ব্যবহার করে ইনস্টিটিউট এর **website: www.icoedu.org** লিঙ্কে Apply Online Tab এ Click করে নির্দেশনা অনুযায়ী নির্ধারিত অনলাইন আবেদন ফরম পূরণের মাধ্যমে আবেদন করতে হবে। আবেদন করার পর User Name & Password স্ব-স্ব ই-মেইলে প্রদান করা হবে, যা পরবর্তীতে প্রবেশপত্র সংগ্রহের জন্য সংরক্ষণ করতে হবে।
- আবেদন ফরম পূরণের সময় নির্ধারিত স্থানে ব্যাংক ডিপোজিট স্লিপ এর স্ক্যান কপি, পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি, স্বাক্ষর, মাধ্যমিক বা সমমান পরীক্ষার ও উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষার নম্বরপত্র আপলোড করতে হবে।

৪) ভর্তি পরীক্ষার প্রবেশপত্র সংগ্রহ:

- **adminssion.icoedu.org** লিঙ্কে গিয়ে প্রদত্ত User Name & Password এর মাধ্যমে প্রবেশপত্র সংগ্রহ করা যাবে। (আবেদনের সময় হতে ০৩ কার্যদিবসের মধ্যে)

৫) ভর্তি পরীক্ষার সময়সূচি ও ফলাফল:

- লিখিত পরীক্ষার তারিখ: ১৭/০৬/২০২১ ইং (বৃহস্পতিবার, সকাল ১০.০০ টা হতে ১১.০০ টা) পর্যন্ত।
- ভর্তি পরীক্ষার চূড়ান্ত ফলাফল ঘোষণা: ১৭/০৬/২০২১ ইং বৃহস্পতিবার দুপুর ০২.০০ টা এবং ফলাফল ঘোষণার মাধ্যম ইনস্টিটিউট এর অফিস নোটিশ বোর্ড অথবা **www.icoedu.org** অথবা, যোগাযোগ: ০১৭৭৪-৮৭৮৯৯১

বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ:

ইনস্টিটিউট অব কমিউনিটি অপথ্যালমোলজি

চক্ষু হাসপাতাল ও প্রশিক্ষণ কেন্দ্র ক্যাম্পাস, পাহাড়তলী, চট্টগ্রাম।

মোবাইল নাম্বার: ০১৭৭৪-৮৭৮৯৯১

Website: www.icoedu.org

E-mail: adminoffice@icoedu.org



পরিচালক

ইনস্টিটিউট অব কমিউনিটি অপথ্যালমোলজি

বিঃ দ্রঃ নির্বাচিত প্রার্থীদের দেয়া তথ্য অসম্পূর্ণ অথবা ভুল প্রমাণিত হলে, তার ভর্তি বাতিল বলে গণ্য হবে।

ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।